I 6873

2000 Rs.

INDIA NON JUDICIAL

२000रु. R^s 2000

सत्यमेव जयते

भारत

दो हज़ार रूपये TWO THOUSAND RUPEES

... under Rule 21 & also u/s. ... of W. B. ... Act -1951, duly ... under the Indian Stamp Act.- 1899 Subsequently amended Schedule ... No. 2374 ... Fees Paid 4.50

Registrar u/s 7 (2) ...

-:: সাফ বিক্রয় কোবালা ::-

মূল্য মং ২৫,০০০ পঁচিশ হাজার টাকা ।

ক্রেতা :-

শ্রীমতী অঞ্জলী বটব্যাল , স্বামী শ্রী নন্দদুলাল বটব্যাল ,
সাং - বিরাটী তুলসী বাগান , কলিকাতা - ৫১ , থানা - নিমতা ,
জাতি -হিন্দু , পেশা - গৃহস্থালী ।

বিক্রেতা :-

শ্রী মানিক চন্দ্র বসু , পিতা মৃত অটল বিহারী বসু ,
সাং - বিশরপাড়া , থানা দমদম এয়ারপোর্ট , জেলা উত্তর ২৪ পরগণা ,
জাতি -হিন্দু , পেশা - চাকুরী - পক্ষে আমমোক্তার শ্রী নন্দন ভট্টাচার্য্য ,
পিতা স্বর্গীয় লক্ষ্মন চন্দ্র ভট্টাচার্য্য , সাং -বিরাটী তুলসী বাগান ,
কলিকাতা -৫১ , থানা - নিমতা , জাতি -হিন্দু , পেশা - ব্যবসা ।

কস্য স্থাবর সম্পত্তি মায় আকর আওলাতাদি ও যাবতীয় ইজমেন্ট সুত্র সহ দরবস্ত হক হকুক সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে -

7331

Sold to Sri / Smt... Anjali Bala Lal
Biswati Nimta
12/11/92

Presented for Registration at ... A.M., P.M. on the ... 12th ... day of ... Nov ... 19 92 at the Sadar Registration office Barasat by ... Nandan Bhattacharjee ... son of the ...

Registrar u/s 7 (1)
North 24 Parganas, Barasat
12/11/92

8214

Nandan Bhattacharjee

S/o. D/o. ...
of ...
P. S. ...
Dist ...
by Caste ...
by Profession ...

Utpal

S/o. D/o. ...
of ...
P. S. ...
Dist ...
by Caste ...
by Profession ...

Registrar u/s 7 (1)
North 24 Parganas, Barasat
12/11/92

750 Rs.

INDIA NON JUDICIAL

७५० रु.    Rs 750

सत्यमेव जयते

भारत

सात सौ पचास रुपये    SEVEN HUNDRED & FIFTY RUPEES



জেলা উত্তর ২৪ পরগণা , থানা -দমদম এয়ারপোর্ট , অতিরিক্ত জেলা অবর নিবন্ধন অফিস বিধাননগর (সল্ট লেক সিটি ) এলাকাধীন পরগণা কলিকাতার সামিল জে:এল: নং ৫ , রে:সা: নং ৮৯ , মৌজা বিশরপাড়া গ্রামে সাবেক ৪২৫ নং খতিয়ান , আর.এস. ৮১৭ নং খতিয়ান ভুক্ত ২৭২ নং দাগে শালি ৩৬ শতক মধ্যে ৮ কাঠা জমি যাহা আমি নিজ অর্থে ও স্বার্থে বিগত ইং ২১।১।১৯৭৭ তারিখে মোকাম কাশীপুর দমদম সাব রেজিস্ট্রী অফিসে ৪০৬ নং ( যাহার বুক নং ১ , ভলিউম নং - ২৮ , পৃষ্ঠা ২৯ হইতে ৩৩ নং ) এককেতা রেজিস্ট্রীকৃত সাফ কোবালা মূলে শ্রীমতী বীনাপানি পাল দিং নিকট হইতে খরিদ করি এবং ঐ মৌজা ঐ খতিয়ান ভুক্ত ঐ ২৭২ নং দাগের শালি ৩৬ শতক মধ্যে ২ কাঠা জমি যাহা আমি নিজ অর্থে ও স্বার্থে বিগত ইং ২৩।৫।১৯৮৬ তারিখে মোকাম বিধাননগর সাব রেজিস্ট্রী অফিসে ৩৮৬১ নং ( যাহার বুক নং ১ , ভলিউম নং ৭৪ , পৃষ্ঠা ২৯ হইতে ৩৪ ) এককেতা রেজিস্ট্রীকৃত সাফ কোবালা মূলে শ্রীমতী সন্ধ্যা রায় মহাশয়ার নিকট হইতে খরিদ করি ।

7332

Sold to Sri/Smt.... Anjali Bala Bal
Berati ... Nemila.

Aer 11/11/92

...reasury

OFFICE OF THE DISTRICT REGISTRAR
BARASAT, NORTH 24 PARGANSA

12/11/92

Registrar u/s 7 (2)
North 24 Parganas, Barasat

2000Rs.

60 Rs.




॥ ৩ ॥

পূর্ব্বোক্ত ভাবে উপরোক্ত ২৭২ নং দাগের মোট ১০ দশ কাঠা জমি খরিদ করিয়া তাহাতে আমি খাসে স্বত্ববান , ভোগবান ও দখলকার আছি ।

এক্ষনে আমার নানা বিধ বৈধ ও সঙ্গত কারণে নগদ টাকার আবশ্যক বিধায় উপরোক্ত সম্পত্তি মধ্যে নিম্ন তপশীলে বর্ণিত তথা অত্র কোবালা সঙ্গীয় নক্সায় লাল রেখা দ্বারা সীমাবদ্ধ 'এ' নং প্লটে প্রদর্শিত বাংলা মাপে কমবেশী ৫ কাঠা জমি ( রাস্তার অর্দ্ধাংশ সহ ) মায় রাস্তার চিরস্থায়ী ইজমেন্ট স্বত্বাদি মায় যাবতীয় স্বত্বাদি সহ সম্পত্তি বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি তাহা অবগত হইয়া বর্তমান বাজারের সর্ব্বোচ্চ মূল্য মং ২৫,০০০ , পঁচিশ হাজার টাকা পণে খরিদ করিতে ইচ্ছা প্রকাশ করিলে আমি তাহাতে সম্মত হইয়া অদ্য আপনার নিকট হইতে পণের লিখিত সমুদয় ২৫,০০০ , টাকা নগদ গ্রহন করিয়া আপনার বরাবর অত্র সাফ বিক্রয় কোবালা পত্র সম্পাদন করত: তপশীল বর্ণিত সম্পত্তি হইতে এককালীন ষোল আনা মতে নিস্বত্ব ও দখলচ্যুত হইলাম । বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামীত্ব লভ্য হক হকিয়ত আদি ছিল বা উদ্ভব হইয়াছে , তৎসমুদয় অদ্য হইতে লোপ পাইয়া আপনার অনুকূলে বর্তিল । আপনি অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে সম্পূর্ণ স্বত্ববতী , দখলে দখলকারিণী , হকে হকদারিণী

7333

Sold to S.D./ Smt. Anjali Balabhal
Bhowmik / Nesta.
A... 11/11/92

OFFICE OF THE DIST[illegible] ... BARASAT, NORTH 24 PARGANAS

Registrar u/s 7 (2)
North 24 Parganas, Barasat
12/11/92

হইয়া হাল মালিক প:ব: রাজ্য সরকারের সেরেস্তায় ও স্থানীয় গ্রাম পঞ্চায়েত অফিসে আমার নামের পরিবর্তে আপনার নিজ নাম পত্তন পূর্ব্বক সন সন খাজনা ও ট্যাক্সাদি আদায়ে রসিদাদি গ্রহনে দান বিক্রয় ও সর্ব প্রকার হস্তান্তর করণের ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন । কস্মিন কালে বিক্রীত সম্পত্তি সমুখে আমি কিম্বা আমার অপর কোন ওয়ারিশান কেহ কখনও কোন প্রকার দাবী দাওয়া কি ওজর আপত্তি করি কিম্বা করে তাহা সর্বতো ভাবে সর্বত্র বাতিল ও নামঞ্জুর বলিয়া পরিগনিত হইবে ।

বিক্রীত সম্পত্তি বা তাহার কোন অংশ আমি ইতিপূর্ব্বে দান বিক্রয় হস্তান্তর আদি করি নাই বা উহা দেনার দায়ে আবদ্ধ নাই বা কোন চার্জ সৃজন হয় নাই বা উহা কোন মোকদ্দমার বিষয়ভুক্ত সম্পত্তি নহে বা উহা প:ব: ভূমি অধিগ্রহন দপ্তর কর্তৃক ভূমি অধিগ্রহন আইনানুসারে অধিগৃহীত হয় নাই বা উহা ভেস্টেড্ সম্পত্তি নহে। নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি সম্পূর্ণ নিদ্দায় নির্দ্দোষ মুক্ত এবং আমার খাস দখলে থাকাবস্থায় অত্র কোবালা দ্বারা আপনাকে বিক্রয় করিয়া তাহার দখল অদ্যই আপনার বরাবর পরিত্যাগ করিলাম ।

যদি ভবিষ্যতে উপরোক্ত উক্তি সমূহের কোনটি মিথ্যা বা ভঞ্চকতা প্রকাশ পায় বা আপনার খরিদা সূত্র দখলে কোন প্রকার বিঘ্ন উপস্থিত হয় তাহা হইলে পণের সমুদয় টাকা মায় যাবতীয় ক্ষতি পূরণ করিতে আমি মায় ওয়ারিশান ক্রমে বাধ্য রহিলাম ও রহিল ।

ভবিষ্যতে অত্র কোবালা পত্রে কোন প্রকার ভুল থাকা পরিলক্ষিত হইলে তাহা আপনি আমাকে জানাইলে বিনা পণ গ্রহনে ও বিনা ওজর আপত্তিতে পুনরায় এককেতা সংশোধন দলিল মূলে আপনার খরিদা সূত্র সুদৃঢ় করিয়া দিতে আমি মায় ওয়ারিশান ক্রমে বাধ্য রহিলাম ও রহিল ।

OFFICE OF THE DISTRICT REGISTRAR
BARASAT, NORTH 24 PARGANSA

Registrar u/s 7 (2)
North 24 Parganas, Barasat
12/11/9

আমি আরও ঘোষণা করিতেছি যে , তপশীল ভুক্ত সম্পত্তি বর্তমানে কৃষি কার্য্যে ব্যবহার হইতেছে ।

এতদার্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র কোবালা পত্রের লিখিত মর্ম সম্যক রূপে অবগত হইয়া এবং পণের লিখিত ২৫,০০০ ্ টাকা নগদে এককালীন বুঝিয়া পাইয়া অত্র কোবালা পত্র লিখিত পঠিত ও স্বাক্ষর যুক্তে সম্পাদন করিলাম । ইতি তাং সন ১৩৯৯।২৬শে কার্তিক , ইং ১৯৯২।১২ই নভেম্বর ।

## ত প শী ল

### বিক্রীত সম্পত্তির পরিচয়

জেলা উত্তর ২৪ পরগণা , থানা দমদম এয়ারপোর্ট , অতিরিক্ত জেলা অবর নিবন্ধন অফিস বিধাননগর (সল্টলেক সিটি) এলাকাধীন পরগণা কলিকাতার সামিল জে:এল: নং ৫ , রে:সা: নং ৮৯ , তৌজি নং ১৭২ , মৌজা বিশরপাড়া গ্রামে হাল মালিক উত্তর ২৪ পরগণা জেলার সমাহর্তা মহোদয় অধিকারে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট বার্ষিক ৩ টাকা ১০ আনা জমার কাত ৫৬ শতক জমি জমা মধ্যে হারাহারী বার্ষিক ৫২ পয়সা জমার কাত বাংলা মাপে ৫ পাঁচ কাঠা জমির সাবেক ৪২৫ নং তথা হাল আর.এস. ৮১৭ নং খতিয়ান ভুক্ত :

২৭২ দুই শত বাহাত্তর দাগে শালি ৩৬ শতক তন্মধ্যে আমার খরিদা ১০ কাঠা তন্মধ্যে অত্র কোবালা সঙ্গীয় নক্সায় প্রদর্শিত লাল রেখা দ্বারা বেষ্ঠিত ও 'এ' নং প্লটে উত্তর দিকের রাস্তার অর্দ্ধাংশ সহ বাংলা মাপে ৫ পাঁচ কাঠা জমি মায় রাস্তার চিরস্থায়ী বর্ত্ম স্বত্ব মায় যাবতীয় স্বত্বাদি সহ সম্পত্তি অত্র কোবালা ভুক্ত হইল ।

## চৌ হ দ্দী

উত্তরে : ১৬ ' প্রশস্থ রাস্তা ,


পূর্ব্বে : মায়া চন্দ ,

দক্ষিনে : নিজ খাস ,

পশ্চিমে : [redacted] শেখর রায়গুপ্ত ও তৃপ্তি ঘোষ ।

Registrar u/s 7 (2)
North 24 Parganas, Barasat
12/11/17

E PLAN SHOWING THE PLOT IN C.S. DAG NO 272
MOUZA BISAR PARA, J.L. NO-5, R.S NO-89,
P.S.- DUM DUM AIR PORT, DIST.- NORTH 24 PARGANAS
UNDER BISHAR PARA GRAM PANCHAYET



OFFICE OF THE DISTRICT REGISTRAR
BARASAT, NORTH 24 PARGANAS

Registrar U/S 7 (2)
North 24 Parganas, Barasat
12/11/19

Book No. I
Volume No. 1501
Page 207
Being No. 08743
For the year 2019

2000Rs.

F 6873

॥ ৬ ॥

দলিলের জায় :-

১। বিগত ৪।১১।৯২ তারিখে বারাসাতস্থ বি কে সোম মহাশয়ের নোটারী পাবলিক অফিসের ৫ নং আমমোক্তারনামা ।

২। ১৯৭৭ সালের কাশীপুর দমদম সাব রেজিষ্ট্রী অফিসের ৪০৬ নং সাফ কোবালা দলিলের জেরক্স কপি ।

৩। ১৯৮৬ সালের বিধাননগর সাব রেজিষ্ট্রী অফিসের ৩৮৬১ নং সাফ কোবালা দলিলের জেরক্স কপি ।

৪। ৮১৭ খতিয়ানের পরচার জেরক্স কপি

৫। বিশরপাড়া গ্রাম পঞ্চায়েত অফিসের ০৮৮ নং ট্যাক্স রসিদ (১৯৮৬)

মোসাবিদাকারক :

Sudhangshu Kumar Bose Adv. Barasat Court.

ইসাদী :

১। 

২। Dipak Kumar Biswas Birati, Cal-51

টাইপকারক :

(গোবিন্দ পাল)
বারাসাত কোর্ট।

OFFICE OF THE DISTRICT REGISTRAR
BARASAT, NORTH 24 PARGANSA

Registrar u/s 7 (2)
North 24 Parganas, Barasat
12/11/92

Book No. I
Volume No. 101
Page 201 to 207
Being No. 6573
for the year 19 92

OFFICE OF THE DISTRICT REGISTRAR
BARASAT, NORTH 24 PARGANSA

15-12-92

# বিশরপাড়া গ্রাম পঞ্চায়েত

রসিদ নং—BGP 2321

সপ্তগ্রাম, উত্তর ২৪ পরগণা

ব্যারাকপুর পঞ্চায়েত সমিতি—২

**পঞ্চায়েত কর, অভিকর এবং ফি আদায়ের রসিদ**

যে ব্যক্তির কাছে কর ইত্যাদি ধার্য্য হইয়াছে তাহার নাম ...... শ্রীমতী ...... সন ১৪২৭-২৮

ঠিকানা ...... মৌজা ...... খতিয়ান নং ...... দাগ নং ......

নির্ধার তালিকার অংশ নং ...... নির্ধার তালিকায় উল্লিখিত কর প্রদানকারী ব্যক্তির ক্রমিক সংখ্যা ......

| যে বাবদ কর/শুল্ক ধার্য্য হইয়াছে তাহার বিবরণ | বকেয়া সন কো: | টা: | প: | হাল সন কো: | টা: | প: | মোট টাকা | পয়সা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১। জমি ও ইমারতের উপর কর | | ১৮০ | ০০ | | ৪৬ | ০০ | ২২৬ | ০০ |
| ২। বৃত্তি ব্যবসা বা পেশার উপর কর | | | | | | | | |
| ৩। যানবাহন নিবন্ধিকরণ ফি | | | | | | | | |
| ৪। জল অভিকর | | | | | | | | |
| ৫। আলো অভিকর | | | | | | | | |
| ৬। মল ও ময়লা নিষ্কাশন অভিকর | | | | | | | | |
| ৭। গৃহ নির্মাণ ফি বাবদ | | | | | | | | |
| ৮। অন্যান্য ফি বা অভিকর | | | | | | | | |
| মোট টাকা | | ১৮০ | ৯০ | | ৩৬ | ৫ | ২২৬ | ৯ |

মোট আদায় ( অঙ্কে ) ...... (কথায়) ......

তারিখ ......

আদায়কারীর/কর আদায়ের জন্য সদস্য/পঞ্চায়েত সচিব

বিঃ দ্রঃ—দুই দিকে কালি আছে এমন কার্বন ব্যবহার করিতে হইবে।